বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার
অস্থায়ী কার্যালয়: কুড়িগ্রাম সরকারি কলেজ গ্রন্থাগার
E-mail: srd.dulu@gmail.com& saifulikrs@gmail.com

## বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভারের একাদশ ত্রৈবার্ষিক কাউন্সিল সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ রেজাউল করিম<br>জেলা প্রশাসক কুড়িগ্রাম<br>ও<br>সভাপতি<br>বাংলাদেশ স্কাউটস<br>কুড়িগ্রাম জেলা রোভার। |
| সভার তারিখ | : | ০৩-০৬-২০২১ খ্রিঃ। |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | 'স্বপ্নকুড়িঁ' জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

**সভার আলোচ্যসূচীঃ**

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ০৬/০৬/২০১৮ থেকে ০৩/০৬/২০২১ সাল পর্যন্ত আয় ব্যয়ের হিসাব অনুমোদন।

৩। ২০২১-২০২২ সালের অনুষ্ঠেয় প্রোগ্রাম অনুমোদন।

৪। ২০২১-২০২২ থেকে ২০২৩-২০২৪ সালের নির্বাহী কমিটি নির্বাচন।

৫। বিবিধ

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভারের যুগ্ম-সম্পাদক জনাব মোঃ সাইফুল ইসলামের সঞ্চালনায় যথাযথ স্বাস্থ্যবিধি মেনে কুড়িগ্রাম জেলা রোভারের ত্রৈবার্ষিক কাউন্সিল সভা শুরু হয়। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন , অধ্যক্ষ, জনাব মাওলানা মোঃ নুর বখত। এর পর পবীত্র গীতা থেকে পাঠ করেন রোভার টিটো সরকার। এর পর শুভেচ্ছা বক্তব্য রাখেন জেলা রোভারের সম্পাদক জনাব আবু জাফর মোঃ শরীফ, কমিশনার প্রফেসর মোঃ আব্দুল মান্নান, জেলা স্কাউট কমিশনার ও জেলা শিক্ষা অফিসার জনাব মোঃ শামসুল আলম। জেলা রোভারের প্রাক্তন সহ-কমিশনার জনাব এটিএম মাসুদ-এর মৃত্যুর কারনে শোক প্রস্তাব গৃহীত হয়। এরপর আলোচ্যসুচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়।

আলোচনা-১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় ও কোন সংযোজন বিয়োজন ছড়াই সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচনা-২: ০৬/০৬/২০১৮ থেকে ০৩/০৬/২০২১ সাল পর্যন্ত আয় ব্যয়ের হিসাব অনুমোদন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জেলা রোভার সম্পাদক ০৬.০৬.১৮ থেকে ০৩.০৬.২১ তারিখ পর্যন্ত কুড়িগ্রাম জেলা রোভারের বিভিন্ন খাত থেকে আয় এবং ব্যয়ের বিবরণ সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)। উপস্থিত সদস্যবৃন্দ সম্পাদক কর্তৃক উপস্থাপিত আয় ও ব্যয় বিবরণী অনুমোদনের পক্ষে মতামত ব্যক্ত করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এ সময় সম্পাদক মহোদয় বিগত তিন বছরে জেলা রোভার বাস্তবায়িত বিভিন্ন প্রোগ্রামের বিষয়ে আলোকপাত করেন।

চলমান পাতা-২

আলোচনা-৩: ২০২১-২০২২ সালের অনুষ্ঠেয় প্রোগ্রাম অনুমোদন ।

সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সম্পাদক মহোদয় সভায় আগামী ২০২১-২০২২ অর্থবছরের গৃহীত প্রোগ্রাম এর বিবরণ তুলে ধরেন ও তা বাস্তবায়নে সকলের সহযোগীতা কামনা করেন (পরিশিষ্ট-গ) । সভায় সভাপতি মহোদয় কর্মসূচীতে রোভার লিডার বেসিক কোর্স সহ বিভিন্ন সমাজ উন্নয়নমুলক কর্মসুচী তালিকায় অন্তর্ভুক্ত করতে বলেন । অন্যান্য প্রোগ্রাম সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় ।

আলেচনা -৪: ২০২১-২০২২ থেকে ২০২৩-২০২৪ সালের নির্বাহী কমিটি নির্বাচন ।

সভাপতি মহোদয় নির্বাহী কমিটি নির্বাচনের পূর্বে কমিটিতে যারাই আসুক না কেন উপস্থিত সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করে জেলা রোভরকে এগিয়ে নিয়ে যেতে আহবান জানান । এরপর সভাপতি মহোদয় উপস্থিত সকলের উদ্দেশ্যে কোন প্যানেল আছে কিনা জানতে চান । তদপ্রেক্ষিতে অরুনিমা মুক্ত রোভার গ্রুপের আরএসএল জনাব হাসানুজ্জামান পলাশ নির্বাহী কমিটির একটি প্যানেল উপস্থাপন করেন । প্যানেল নিয়ে মুক্ত আলোচনা হয় । প্যানেলে গ্রুপ সভাপতি প্রতিনিধি হিসেবে রাজিবপুর সরকারি কলেজের অধ্যক্ষ মহোদয়কে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এ ছাড়া আর কোন পরিবর্তন ছাড়া উক্ত প্যানেল সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয় । তবে অনির্বাচিত সহকারি কমিশনার ৭ জনের মধ্যে নাগেশ্বরী মহিলা কলেজের অধ্যক্ষ মহোদয়কে রাখার সুপারিশ করা হয় । এছাড়া বাকী পদগুলো সকল উপজেলারে প্রতিনিধিত্ব থাকার ব্যাপারে সভাপতি মহোদয় নির্দেশনা দেন ।

আলোচনা-৫: বিবিধ ।

বিবিধ বিষয়ে সম্পাদক মহোদয় রোভারের জেলা কার্যালয় না থাকার কথা উল্লেখ করেন ও সভাপতি মহোদয়ের মাধ্যমে জেলা স্কাউট সম্পাদক ও কমিশনার এর দৃষ্টি আকর্ষণ করে বলেন জেলা স্কাউটসের যে মাল্টিপারপাস ভবন হবে সেখানে যেন রোভারের জন্য একটি অফিস রুম বরাদ্দ দেয়া হয় । সভায় উপস্থিত জেলা স্কাউটের কমিশনার ও সম্পাদক মহোদয় রুম দেয়ার ব্যাপারে সম্মতি জ্ঞাপন করেন । এছাড়া জেলা রোভারের ফি আদায়ের ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করা হয় ।

অত:পর সভাপতি মহোদয় নবনির্বাচিত কমিটির উদ্দ্যেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন । তিনি স্কাউটিং এর মূল মটো সেবার আদর্শে সকলকে উজ্জীবিত হয়ে এই সংগঠনকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার আহবান জানান । পরিশেষে আর কোন বিষয়ে আলোচনা না থাকায় কোভিড-১৯ এর প্যান্ডেমিক এই পরিস্থিতে সভায় উপস্থিত হাওয়ায় জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান রেখে সভার কার্যক্রম শেষ করা হয় ।

৬/৬/২০২১

(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক, কুড়িগ্রাম
ও
সভাপতি
বাংলাদেশ স্কাউটস
কুড়িগ্রাম জেলা রোভার ।

জেলা প্রশাসক
কুড়িগ্রাম ।

# বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার
## অস্থায়ী কার্যালয়: কুড়িগ্রাম সরকারি কলেজ গ্রন্থাগার

একাদশ ত্রৈবার্ষিক কাউন্সিল সভা ২০২১

তারিখঃ ০৩ জুন ২০২১

**০৭ জুন ২০২১ থেকে ০৬ জুন ২০২৪ পর্যন্ত নির্বাচিত নির্বাহী কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | সভাপতি ---------------------- | জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| ২। | সহ-সভাপতি (i)------------- | অধ্যক্ষ, কুড়িগ্রাম আলিয়া কামিল মাদরাসা, কুড়িগ্রাম। |
| | (ii)-------------- | অধ্যক্ষ, কুড়িগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট, কুড়িগ্রাম। |
| | (iii) ------------- | অধ্যক্ষ, সরকারি মীর ঈসমাইল হোসেন কলেজ,রাজারহাট, কুড়িগ্রাম। |
| | (iv) ------------ | অধ্যক্ষ, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, কুড়িগ্রাম। |
| | (v) ------------- | জনাব মোঃ কাজিউল ইসলাম, সভাপতি, অরুনিমা মুক্ত রোভার গ্রুপ, কুড়িগ্রাম। |
| ৩। | কমিশনার (সুপারিশকৃত)-------- | জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এএলটি, অভিযাত্রী মুক্ত রোভার গ্রুপ, কুড়িগ্রাম। |
| ৪। | কোষাধ্যক্ষ ---------------------- | জনাব আবু জাফর মোঃ শরীফ, আরএসএল, কুড়িগ্রাম সরকারি কলেজ, ক দল। |
| ৫। | সম্পাদক ----------------------- | জনাব মোঃ সাইদুর রহমান, আরএসএল, কুড়িগ্রাম সরকারি কলেজ, খ দল। |
| ৬। | যুগ্ম-সম্পাদক ------------------- | জনাব মোঃ সাইফুল ইসলাম, আরএসএল, কুড়িগ্রাম মুক্ত রোভার গ্রুপ। |
| ৭। | জেলা রোভার লিডার ----------- | জনাব মোঃ রেজাউল কবীর, আরএসএল, খলিলগঞ্জ স্কুল এন্ড কলেজ, কুড়িগ্রাম। |
| ৮। | গ্রুপ সভাপতি প্রতিনিধি (i) ----- | অধ্যক্ষ, রাজিবপুর সরকারি কলেজ। |
| | (ii)----- | অধ্যক্ষ, ভিতরবন্দ ডিগ্রী কলেজ। |
| ৯। | রোভার নেতা প্রতিনিধি (i)------ | জনাব মোঃ আব্দুল হাকিম, আরএসএল, কঁচাটাটা কলেজ। |
| | (ii)----- | জনাব মোঃ আজিজুল ইসলাম, ভিতরবন্দ ডিগ্রী কলেজ। |
| ১০। | সিনিয়ির রোভার মেট প্রতিনিধি (i) | সিনিয়র রোভার মেট, কুড়িগ্রাম সরকারি কলেজ , কুড়িগ্রাম। |
| | (ii)- | সিনিয়র রোভার মেট, কুড়িগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট, কুড়িগ্রাম। |
| ১১। | সদস্য (i) ---------------------- | কুড়িগ্রাম জেলা স্কাউট কমিশনার (পদাধিকারবলে)। |
| | (ii)--------------------- | কুড়িগ্রাম জেলা স্কাউট সম্পাদক (পদাধিকারবলে)। |
| | (iii)--------------------- | কুড়িগ্রাম জেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস। |
| ১২। | সহযোজিত সদস্য (i)----------- | জনাব মোঃ আমজাদ হোসেন প্রামানিক, আরএসএল, রাজিবপুর সরকারি কলেজ। |
| | (ii)----------- | জনাব পরিতোষ কুমার মন্ডল, আরএসএল,কুড়িগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট। |
| | (iii)---------- | জনাব এরশাদুন্নবী চৌধুরী, আরএসএল, পাঁচপীর ডিগ্রি কলেজ। |
| | (iv)----------- | জনাব মোঃ আতাউর রহমান বকশী, আরএসএল, মজিদা আদর্শ ডিগ্রী কলেজ। |
| ১৩। | সহকারী কমিশনার ৭ (সাত) জন | জেলা রোভার কমিশনার কর্তৃক নিয়োগকৃত হবেন। |

৬/৬/২০২১

(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
বাংলাদেশ স্কাউটস
কুড়িগ্রাম জেলা রোভার

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার
অস্থায়ী কার্যালয়: কুড়িগ্রাম সরকারি কলেজ গ্রন্থাগার
E-mail:srd.dulu@gmail.com&
saifulikrs@gmail.com

স্মারক নং-বা:স্কা:কু:জে:রো:২০২১/(কাউন্সিল)/৪০

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৮
৬ জুন, ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম ও সভাপতি বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার।
২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল।
৩। কমিশনার, বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
৩। সহ-সভাপতি (সকল)........................................................................ বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
৪। নির্বাহী কমিটির সদস্য (সকল)..............................................................বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
৫। সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলা।
৬। জনাব.......................................................................................।
৭। অফিস কপি।

(মো: সাইদুর রহমান)
সম্পাদক
বাংলাদেশ স্কাউটিস, কুড়িগ্রাম জেলা রোভার
০১৭১৬-৯৩৯০০৯